দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JUL 06 2000
পৃষ্ঠা 7 কলাম 1

95

# শিক্ষাঙ্গনে সন্ত্রাস ॥ বিচার বিভাগীয় তদন্ত কমিশন গঠনে নাগরিক সমাজের দাবি

**স্টাফ রিপোর্টার** ॥ নাগরিক সমাজের আহ্বায়ক ডক্টর কামাল হোসেন শিক্ষাঙ্গনে সন্ত্রাসের ব্যাপারে একটি বিচার

(২- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## শিক্ষাঙ্গনে সন্ত্রাস

(প্রথম পাতার পর)

বিভাগীয় তদন্ত কমিশন গঠনের দাবি জানিয়েছেন। তিনি সুপ্রীম কোর্টের একজন বিচারপতির নেতৃত্বে কয়েকজন সাবেক উপাচার্য এবং শিক্ষাবিদের সমন্বয়ে এই কমিশন গঠনের জন্য সরকারের প্রতি দাবি জানান।

শিক্ষাঙ্গনে চলমান সন্ত্রাস ও পাশবিক কার্যকলাপের অবসানের লক্ষ্যে নাগরিক সমাজের গণস্বাক্ষরতা অভিযান উপলক্ষে বুধবার বিকালে জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে এক সাংবাদিক সম্মেলনে ডক্টর কামাল হোসেন এ দাবি জানান। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়গুলোতে অব্যাহত সন্ত্রাস, খুন ও ধর্ষণের ঘটনার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং সরকার দায়ী। আইনশৃঙ্খলা পরিস্থিতির এমন অবনতি ঘটেছে যে, ছাত্রছাত্রীরা শিক্ষাঙ্গনে যেমন নিরাপদ নয়, তেমনি বাড়িঘরেও তাদের নিরাপত্তা নেই। তিনি এ প্রসঙ্গে শাজনীন হত্যাকাণ্ড এবং সম্প্রতি বুশরা হত্যাকাণ্ডের কথা উল্লেখ করেন।

তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের হলগুলোতে অস্ত্রবাজ ক্যাডাররা অবস্থান করছে। শিক্ষাঙ্গনে অস্ত্রের মহড়া চলছে। রাজনৈতিক দলের সদস্যরা অস্ত্রবাজ ক্যাডারদের পৃষ্ঠপোষকতা করছে। যারা সংসদে বসে আছেন তাঁরা কেউ এ ব্যাপারে সাংবিধানিক দায়িত্ব পালন করছেন না। সরকার দাবি করছে, আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি হয়েছে। সরকারের এ বক্তব্যের সঙ্গে সংখ্যাগরিষ্ঠ জনগণ একমত হতে পারছে না।

শিক্ষাঙ্গনে অব্যাহত সন্ত্রাসী কর্মকাণ্ড প্রতিরোধে জনমত গড়ে তুলতে নাগরিক সমাজের গণসাক্ষরতা অভিযানে অংশ নিতে সকল সচেতন নাগরিকের প্রতি তিনি আহ্বান জানান।

SHEET ___ OF ___ SHEETS